জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ‘টেকনিক্যাল সাব-কমিটি’র ১ম সভা অনুষ্ঠিত

নতুন যোগ দেয়া পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পটুয়াখালী) সহ GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ২০টি।

২০২০-২১ শিক্ষাবর্ষে স্নাতক ১ম বর্ষে শিক্ষার্থীদের ভর্তির জন্য সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি (GST– General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ‘ টেকনিক্যাল সাব-কমিটি’র ১ম সভা ১৪ জানুয়ারি-২০২১, সকাল: ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটির (গাজীপুর)-এর মাননীয় উপাচার্য ও টেকনিক্যাল সাব-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুনাজ আহমেদ নূর এতে সভাপতিত্ব করেন।

সভায় GST গুচ্ছভুক্ত ২০টি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শিক্ষক ও আইটি বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেন। GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলো হলো: ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সিলেট), খুলনা বিশ্ববিদ্যালয়

(খুলনা), হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (দিনাজপুর), মাওলনা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (টাঙ্গাইল), নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোয়াখালী), কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুমিল্লা), জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যশোর), বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (রংপুর), পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পাবনা), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গোপালগঞ্জ), বরিশাল বিশ্ববিদ্যালয় (বরিশাল), রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রাঙ্গামাটি), রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (সিরাজগঞ্জ), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি (গাজীপুর), শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় (নেত্রকোনা), বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (জামালপুর), পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পটুয়াখালী) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

উল্লেখ্য, সভায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, সম্মানীয় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় (নেত্রকোনা)-এর সম্মানীয় ট্রেজারার ও টেকনিক্যাল সাব-কমিটির সদস্য অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী মোঃ নাসির উদ্দীন, আইসিটি সেল-এর কম্পিউটার প্রোগ্রামার ও টেকনিক্যাল সাব-কমিটির সদস্য-সচিব মোঃ হাফিজুর রহমান উপস্থিত ছিলেন।